# জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর পরিদর্শনে এনসিপি নেতারা



জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর পরিদর্শনে এনসিপি নেতারা। ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতি ও ইতিহাস সংরক্ষণের জন্য প্রতিষ্ঠিত ‘জুলাই ৩৬ গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর’ পরিদর্শন করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় নেতারা। শনিবার (৮ আগস্ট) সকালে রাজধানীর শেরেবাংলা নগরে অবস্থিত জাদুঘরটিতে যান তারা।

এনসিপির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলামের নেতৃত্বে দলের নেতারা পরিদর্শনে অংশ নেন। এ সময় তারা জাদুঘরের বিভিন্ন গ্যালারি ও প্রদর্শনী ঘুরে দেখেন।

জাদুঘরে সংরক্ষিত জুলাই গণঅভ্যুত্থানের বিভিন্ন আলোকচিত্র, নথি, স্মারক ও ঐতিহাসিক উপকরণ পর্যবেক্ষণ করেন এনসিপির নেতারা। আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট এসব নিদর্শন সম্পর্কে তারা বিভিন্ন তথ্যও দেখেন।

পরিদর্শন শেষে জুলাই আন্দোলনে নিহত ও আহতদের আত্মত্যাগের স্মৃতি ধরে রাখার ওপর গুরুত্বারোপ করেন তারা। একই সঙ্গে আন্দোলনের ইতিহাস ও ঘটনাপ্রবাহ নতুন প্রজন্মের কাছে পৌঁছে দিতে স্মৃতি সংরক্ষণের এমন উদ্যোগকে প্রয়োজনীয় বলে উল্লেখ করেন।

জুলাই গণঅভ্যুত্থানের বিভিন্ন নথি, নিদর্শন ও ঐতিহাসিক উপকরণ সংরক্ষণ এবং সেগুলো নিয়ে গবেষণার পাশাপাশি জনসাধারণের জন্য প্রদর্শনের উদ্দেশ্যে গণভবনে এই জাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছে।

এর আগে গত বুধবার (৫ আগস্ট) জাদুঘরটির উদ্বোধন করা হয়। পরদিন বৃহস্পতিবার সকাল ১১টা থেকে সাধারণ দর্শনার্থীদের প্রবেশের জন্য এটি আনুষ্ঠানিকভাবে খুলে দেওয়া হয়।